গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা
www.moind.gov.bd

নং- ৩৬.০০.০০০০.০৪৬.৯৯.০৫৯.১৮- ৯৫৫

তারিখ: ০৪ আশ্বিন ১৪২৬ / ১৯ সেপ্টেম্বর ২০১৯

বিষয়ঃ মন্ত্রিপরিষদ বিভাগের সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিজিপি) এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) এর জন্য সারসংক্ষেপ প্রণয়ন ও প্রস্তাব প্রেরণের কাজে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সঙ্গে মত বিনিময় সভায় আলোচনার রেকর্ড নোটস।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং- ০৪.০০.০০০০.৬১২.৯৯.০০২.১৭-২৬, তারিখ- ০৯/০৯/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের ক্রয় কার্যক্রম দ্রুত ও সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিজিপি) এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) এর জন্য নির্ভুল ও স্বয়ংসম্পূর্ণ সারসংক্ষেপ প্রণয়নের নিমিত্ত গত ০৮.০৯.২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত মতবিনিময় সভার রেকর্ড নোটস সূত্রস্থ স্মারকে এই মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত রেকর্ড নোটস যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে এ সাথে যুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পাতা।

১৯/৯/২০১৯
(মোহাম্মদ খালেকুজ্জামান)
উপসচিব
ফোনঃ +৮৮০২ ৯৫৫৮৫৩৯

বিতরণ: সদয় কার্যার্থে।
১। উপসচিব, ...বিপিএফটিসি.........অধিশাখা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
২। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, ............................শাখা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে।
১। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ক্রয় ও অর্থনৈতিক অধিশাখা

সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিজিপি) এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ)-এর জন্য সারসংক্ষেপ প্রণয়ন ও প্রস্তাব প্রেরণের কাজে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সঙ্গে মতবিনিময় সভায় আলোচনার রেকর্ড নোটস।

| | |
|---|---|
| সভাপতি | মোসাম্মৎ নাসিমা বেগম<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ০৮/০৯/২০১৯ |
| সভার সময় | সকাল ১১.৩০ |
| স্থান | মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণকে (পরিশিষ্ট 'ক') স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। সভাপতি সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিজিপি) এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ)-এর জন্য সারসংক্ষেপ প্রণয়ন ও প্রেরণের সঙ্গে সংশ্লিষ্ট Rules of Business 1996, সচিবালয় নির্দেশমালা ২০১৪, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮-এর বিধিবিধান বিস্তারিত বর্ণনা করেন। অতঃপর সভাপতি এ বিভাগ হতে ১৫/০৭/২০১৯ তারিখে জারিকৃত " এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি-এর জন্য সারসংক্ষেপ প্রণয়ন, প্রেরণ ও সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিধি-বিধান, রীতি, পদ্ধতি এবং চেকলিস্ট"-এর প্রয়োজনীয় অনুচ্ছেদসমূহের বিস্তারিত ব্যাখ্যা ও স্পষ্টীকরণ করেন। এছাড়া, তিনি বিভিন্ন সময়ে সিসিইএ এবং সিসিজিপি-এর সভায় প্রদত্ত গুরুত্বপূর্ণ অনুশাসনসমূহ প্রতিপালনের বিষয়ে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

৩। সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুশাসন অনুযায়ী কোনো ক্রয় প্রস্তাবে যৌথ উদ্যোগ (Joint Venture)-এর অনুকূলে সুপারিশ করার পূর্বে JV গঠনের ক্ষেত্রে আইনি ভিত্তি, JV-এ অংশিদারগণের মধ্যে স্বাক্ষরিত চুক্তি/সমঝোতা স্মারক অনুযায়ী নির্ধারিত শর্তাবলি, দায়-দায়িত্ব, Lead Firm ও সহযোগী প্রতিষ্ঠানের সুস্পষ্ট পরিচিতি ইত্যাদি বিষয় উল্লেখ করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।

৪। সভায় মতবিনিময় কালে ত্রুটিমুক্ত ও স্বয়ংসম্পূর্ণ সারসংক্ষেপ প্রেরণের উপর গুরুত্ব আরোপ করা হয়। প্রসঙ্গত উল্লেখ করা হয় যে, অনেক ক্রয় প্রস্তাবের সারসংক্ষেপে ক্রয় পরিকল্পনা, দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়, দরপত্রের মেয়াদ ইত্যাদি বিষয়ে কোনো তথ্য উল্লেখ থাকেনা। আবার অনেক ভেরিয়েশন প্রস্তাবে ভেরিয়েশনের কারণ, টেন্ডার্ড আইটেম, নন-টেন্ডার্ড

আইটেমের পরিমান ও মূল্য নির্ধারণের তথ্য সারসংক্ষেপে উল্লেখ থাকে না। ফলে ত্রুটিপূর্ণ এ ধরনের অসম্পূর্ণ প্রস্তাব নিষ্পত্তির জন্য পরবর্তী কার্যক্রম গ্রহণ অনাকাঙ্খিতভাবে বিঘ্নিত ও বিলম্বিত হয়। এ প্রেক্ষাপটে সিসিজিপির জন্য সারসংক্ষেপ প্রণয়নের সময় পিপিআর, ২০০৮-এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণের জন্য বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।

৫। কোনো ক্রয় প্রস্তাব অর্পিত কাজ (delegated work) সংশ্লিষ্ট হয়ে থাকলে পিপিআর, ২০০৮-এর বিধি ১২ অনুযায়ী নির্বাহক এজেন্সির (executing agency) নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের মাধ্যেমে উক্ত প্রস্তাবের সারসংক্ষেপ প্রণয়ন ও প্রেরণ করা সমীচীন। কিন্তু, অনেকক্ষেত্রে এর ব্যত্যয় পরিলক্ষিত হচ্ছে। আবার অনেক প্রস্তাবের বিষয়ে অভিযোগ/মামলা-মোকদ্দমা থাকলেও তা সারসংক্ষেপে উল্লেখ থাকে না এবং মামলার বিষয়ে হালনাগাদ তথ্য বা মাননীয় আদালতের আদেশ সংলাগ আকারে সংযুক্ত থাকে না। এর ফলে পরবতীর্তে আইনি জটিলতা তৈরি হয় এবং ক্রয় প্রক্রিয়া বিঘ্নিত হয়। সভায় মতামত ব্যক্ত করা হয় যে, ক্রয়ের বিষয়ে অভিযোগ/মামলা-মোকদ্দমার তথ্য গোপন করা কোনোভাবেই কাম্য নয়।

৬। সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য প্রেরিত সারসংক্ষেপে অনেক বানান ভুল পরিলক্ষিত হয়। সারসংক্ষেপ প্রণয়নের সময় বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত সর্বশেষ 'বাংলা অভিধান' এবং জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এ সংক্রান্ত প্রকাশিত পুস্তিকা ব্যবহার করা যেতে পারে।

৭। পরিশেষে, সরকারের ক্রয় কার্যক্রম দ্রুত ও সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য নির্ভুল ও স্বয়ংসম্পূর্ণ সারসংক্ষেপ প্রণয়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ ও সিপিটিইউ-এর জারিকৃত সংশ্লিষ্ট বিধিবিধান যথাযথভাবে অনুসরণের আহ্বান জানিয়ে এবং গঠনমূলক আলোচনায় অংশগ্রহণের জন্য উপস্থিত কর্মকর্তাগণকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে মতবিনিময় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Nasima

মোসাম্মৎ নাসিমা বেগম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৬১২.৯৯.০০২.১৭.২৬

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৬
০৯ সেপ্টেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
২) সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৩) সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়
৪) সচিব, খাদ্য মন্ত্রণালয়

৫) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়
৬) সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়
৭) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৮) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
৯) সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ
১০) সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১১) সচিব, ভূমি মন্ত্রণালয়
১২) সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১৩) সচিব, শিল্প মন্ত্রণালয়
১৪) সচিব, সচিবের দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়
১৫) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
১৬) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
১৭) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়
১৮) সচিব, সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ
১৯) সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
২০) সচিব, রেলপথ মন্ত্রণালয়
২১) সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২২) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২৩) সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২৪) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
২৫) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
২৬) সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
২৭) সিনিয়র সচিব, সিনিয়র সচিব এর দপ্তর, সেতু বিভাগ
২৮) সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

খন্দকার ইসতিয়াক আহমেদ
উপসচিব